গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুকসুদপুর, গোপালগঞ্জ।

স্মারক নং-৩১.৩০.৩৫৫৮.০০১.৩৫.০০১.২০১১- ৩০ তারিখ ঃ ১৫ /০১/২০২৪ খ্রি.।

## " ১৪৩১-১৪৩৩ বাংলা সনের জন্য জলমহাল ইজারা বিজ্ঞপ্তি "

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী গোপালগঞ্জ জেলাধীন মুকসুদপুর উপজেলার নিম্নবর্ণিত জলমহালগুলি বাংলা ১৪৩১-১৪৩৩ সাল পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | উপজেলার নাম | জলমহালের নাম ও আয়তন (একরে) | সরকারি ইজারামূল্য (প্রতিবছর) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | মুকসুদপুর | উজানী খাস পুকুর, মৌজা-উজানী, দাগ-১০২২, জমি-০.২৫ একর | ৩,০০০/- | |
| ০২ | মুকসুদপুর | গুয়াত্তর পুকুর, মৌজা-গুয়াত্তর, দাগ-৫৪, জমি-০.২৩ একর | ৫,০০০/- | |
| ০৩ | মুকসুদপুর | গুয়াত্তর পুকুর, মৌজা-গুয়াত্তর,দাগ-৪১৪, জমি-০.৩৫ একর | ৮,০০০/- | |
| ০৪ | মুকসুদপুর | তনশ্রীরামপুর পুকুর, মৌজা-তনশ্রীরামপুর, দাগ-১৩২, জমি-০.৫১ একর | ৫,০০০/- | |
| ০৫ | মুকসুদপুর | ভুমশারা পুকুর, মৌজা-ভুমশারা, দাগ-৭৭৭, জমি-০.৪৪ একর | ৮,০০০/- | |
| ০৬ | মুকসুদপুর | কদমপুর পুকুর, মৌজা-কদমপুর, দাগ-৭৭৯, ৩১৯, জমি-২.৬৯ একর | ১২,০০০/- | |
| ০৭ | মুকসুদপুর | কালিনগর খাস পুকুর, মৌজা-কালিনগর, দাগ-১৪৪, জমি-১.৪৩ একর | ৬৫,০০০/- | |
| ০৮ | মুকসুদপুর | রাগদী পুকুর, মৌজা-রাগদী, দাগ-৩২৩৫, জমি-০.৪১ একর | ৫,০০০/- | |
| ০৯ | মুকসুদপুর | যাত্রাবাড়ী পুকুর, মৌজা-যাত্রাবাড়ী, দাগ-৮৪, জমি-০.৪৬ একর | ৫,০০০/- | |
| ১০ | মুকসুদপুর | রাগদী পুকুর, মৌজা-রাগদী, দাগ-২২০১, জমি-০.৮২ একর | ১০,০০০/- | |
| ১১ | মুকসুদপুর | খান্দারপাড় খাস পুকুর, মৌজা-খান্দারপাড়, দাগ-২৮৭, জমি-০.৩১ একর | ৬,০০০/- | |
| ১২ | মুকসুদপুর | রসুলপুর পুকুর, মৌজা-রসুলপুর, দাগ-৭০৬, জমি-০.৩৩ একর | ২,০০০/- | |
| ১৩ | মুকসুদপুর | মুকসুদপুর বদ্ধ খাল, মৌজা-মুকসুদপুর, দাগ-১৬, ৪৩, জমি-১.২৪ একর | ১,০০০/- | |
| ১৪ | মুকসুদপুর | গনিয়ারী পুকুর, মৌজা-গনিয়ারী, দাগ-৮৩৩, জমি-০.৪১ একর | ১,০০০/- | |
| ১৫ | মুকসুদপুর | গনিয়ারী পুকুর, মৌজা-গনিয়ারী, দাগ-৮৩২, জমি-০.৪২ একর | ১,০০০/- | |
| ১৬ | মুকসুদপুর | কাউনিয়া পুকুর, মৌজা-কাউনিয়া, দাগ-৫৯, জমি-০.৮৭ একর | ৮,০০০/- | |
| ১৭ | মুকসুদপুর | রসুলপুর পুকুর, মৌজা-রসুলপুর, দাগ-২০৭, জমি-০.২৩ একর | ১,০০০/- | |
| ১৮ | মুকসুদপুর | কালিনগর পুকুর, মৌজা-কালিনগর, দাগ-৮৪০, জমি-০.২৭ একর | ১,০০০/- | |
| ১৯ | মুকসুদপুর | কাওয়ালদিয়া পুকুর, মৌজা-কাওয়ালদিয়া, দাগ-২২, জমি-০.২২ একর | ১,০০০/- | |
| ২০ | মুকসুদপুর | বনগ্রাম বদ্ধ খাস খাল, মৌজা-১৭৬ নং বনগ্রাম, দাগ-৬৫৩, ৫৬২, জমি-০.৯০ একর | ১,০০০/- | |
| ২১ | মুকসুদপুর | ছোট ভাটরা খাস পুকুর, মৌজা- ছোট ভাটরা, দাগ-৩৩৭, জমি-১.৪৭ একর | ৬,০০০/- | |
| ২২ | মুকসুদপুর | উজানী আন্দি খাস পুকর, মৌজা-১৫৭ নং উজানী, দাগ-১২০৮ জমি-০.৭৪ একর | ১২,১০০/- | |
| ২৩ | মুকসুদপুর | ধোপাদী খাস পুকুর, মৌজা-১৩৯ নং ধোপাদী, দাগ-৪৪৪ জমি-০.৬৪ একর | ৪৪,০০০/- | |
| ২৪ | মুকসুদপুর | লোহাইড় খাস পুকুর, মৌজা-১০০ নং লোহাইড়, দাগ-৩৬৩৮ জমি-১.২৯ একর | ২০,০০০/- | |

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একরের নীচে বদ্ধ সরকারি জলমহাল ব্যবস্থাপনার সিডিউল (ভূমি মন্ত্রণালয়ের ০২ নভেম্বর ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১).৬৬২ নং স্মারকের প্রজ্ঞাপন মোতাবেক)।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) জলমহাল ব্যবস্থাপনার সিডিউল ঃ

| ক্রঃ নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০১ থেকে ০৫ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/১৫ জানুয়ারি থেকে ১৯ জানুয়ারি, ২০২৪ খ্রি. এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুকসুদপুর কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারা আবেদন আহবান। |
| ০২ | ০৯ থেকে ০৩ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/২৩ জানুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. এর মধ্যে | অনলাইনে আবেদন দাখিল। |
| ০৩ | ০৩ ফাল্গুন/১৬ ফেব্রুয়ারি থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুকসুদপুরে দাখিল। |
| ০৪ | ০৬ ফাল্গুন, ১৪৩০/১৯ ফেব্রুয়ারি, ২০২৪ মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৫ | ১৫ ফাল্গুন, ১৪৩০/২৮ ফেব্রুয়ারি, ২০২৪ মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬ | ২৯ ফাল্গুন, ১৪৩০/ ০৩ মার্চ,২০২৪ মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, গোপালগঞ্জ বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭ | ০৭ চৈত্র,১৪৩০/২১ মার্চ,২০২৪ মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৮ | ২৩ চৈত্র,১৪৩০/৬ এপ্রিল,২০২৪ মধ্যে | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৯ | ০১ বৈশাখ, ১৪৩১/১৪ এপ্রিল,২০২৪ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

CS CamScanner

-ঃ নির্দেশিকা ও শর্তাবলী ঃ-

১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে হবে।

২। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করতে হয়েছে।

৩। জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা ৬ মাঘ হতে ০৩ ফাল্গুন পর্যন্ত।

৪। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টেড কপিসহ দরপত্র ক্রয়/আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ বরাবর দাখিল করতে হবে। জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ এর কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লেখিত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপাশে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

৫। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

৬। আবেদনের প্রিন্টেড কপিসহ দাখিলের সময় আবেদনের উদ্বৃত মূল্যের ২০% জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর,গোপালগঞ্জ এর অনুকূলে আবেদন পত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। তাছাড়া আবেদনপত্র দাখিলকারী মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক সমিতির নিবন্ধন পত্রের সত্যায়িত কপিসহ প্রয়োজনীয় সকল কাগজপত্র এবং মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে জেলা/উপজেলা সমবায় অফিসারের নিকট হতে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র অসম্পূর্ন থাকলে বাতিলযোগ্য হবে।

৭। ইজারার মেয়াদ বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে। চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল প্রদান করা হবে এবং বাংলা ১৪৩৩ সনের ৩০ চৈত্রের পর স্বয়ক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে।

৮। ইজারার আবেদনপত্র অনুমোদনে বিলম্ব হলে উক্ত বিলম্বের কারণে কোন অবস্থাতেই ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য হবে না। বছরের যে কোন সময় দরপত্র আহবান করা হলেও ইজারার মেয়াদ বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে এবং বাংলা ১৪৩১ সনের ১ লা বৈশাখ হতে সকল সরকারি প্রাপ্য আদায়যোগ্য হবে।

৯। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ অনুযায়ী আবেদনপত্র গৃহীত হওয়া সাপেক্ষে জেলা প্রশাসক, গোপালগঞ্জ মহোদয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে আবেদনপত্রে ১ম বছরের ইজারামূল্যসহ ইজারামূল্যের ১৫% ভ্যাট ও ৫% আয়কর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নির্ধারিত কোডে চালানের মাধ্যমে জমা দিতে হবে এবং পরবর্তী বছরসমূহের ইজারা মূল্য পরবর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। বকেয়া টাকা আইনানুগভাবে আদায় করা হবে।

১০। আবেদনপত্র কেবলমাত্র অনলাইনে দাখিল করা যাবে। মৎস্যজীবী সমবায় সমিতির একটি ই-মেইল ঠিকানা থাকা বাঞ্চনীয়।

১১। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রস্তাব অনুমোদনের পর যে সকল আবেদন গৃহীত হবে না সে সকল আবেদনপত্রের সাথে জামানত হিসেবে সংযুক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনকারী কর্তৃক আবেদন সাপেক্ষে ফেরত দেয়া হবে।

১২। প্রতিটি আবেদনপত্রের প্রিন্টেড কপির খামের উপর জলমহালের নাম, মৎস্যজীবী সমিতির নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে সমিতির রেজিস্ট্রেশন সনদ, সমিতির গঠনতন্ত্র, সভাপতি, সম্পাদকের ছবি, নির্বাহী কমিটির সদস্যের তালিকা, ২ (দুই) বছরের অডিট রিপোর্ট, ০৩ (তিন) বছরের কর্মপরিকল্পনা, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

১৩। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত আবেদনপত্রের সাথে দাখিলকৃত জামানত শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি দলিল সম্পাদন করতে হবে। ইজারা গ্রহীতা কোন অবস্থাতেই সম্পূর্ন জলমহাল বা অংশ বিশেষ সাবলীজ দিতে পারবেন না। ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখিত জলমহালের আয়তন এবং দখলীয় আয়তনের মধ্যে তারতম্য হলেও কোন আপত্তি উত্থাপন করতে পারবেন।

১৪। দাখিলকৃত আবেদনসমূহ বিবেচনার ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসরণ করা হবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দাখিলকৃত যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫.০১.২৪

(এস.এম ইমাম রাজী টুলু)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মুকসুদপুর, গোপালগঞ্জ।

CS CamScanner

স্মারক নং-৩১.৩০.৩৫৫৮.০০১.৩৫.০০১.২০১১- ৬০ তারিখঃ ১৫/০১/২০২৪ খ্রি.।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ
০১। উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।
০২। মেয়র, মুকসুদপুর পৌরসভা, মুকসুদপুর, গোপালগঞ্জ।
০৩। উপজেলা..............................................অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।
০৪। চেয়ারম্যান, ............................... ইউনিয়ন পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ।
০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ................................. ইউনিয়ন ভূমি অফিস, মুকসুদপুর,গোপালগঞ্জ। তার আওতাধীন জলমহালের ইজারার বিষয়ে এলাকায় ব্যাপক ঢোল-সহরত ও মাইকিং এর জন্য অনুরোধ করা হলো।
০৬। নোটিশ বোর্ড।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গোপালগঞ্জ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ।

১৫/০১/২৪

(অমিত কুমার সাহা)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মুকসুদপুর, গোপালগঞ্জ।

CamScanner